**U N I T 10**

# Pronouns

**L E S S O N 1**

## Personal Pronouns

A নিচের Sentence গুলি দেখুন।

1 Rina is a student. She is in class ten.
2 Rahim's father is a doctor. He works in a hospital.

১নং উদাহরণে দ্বিতীয় Sentence এ Rinaর পরিবর্তে She বসেছে। ২নং উদাহরণে Rahim's father এর পরিবর্তে He বসেছে। এরূপ **he, she, it, you, I ইত্যাদি শব্দকে pronoun** বলে। **Pronoun এমন একটি শব্দ যা noun এর পরিবর্তে ব্যবহৃত হয়।**

B ইংরেজিতে তিনটি person আছে। যেমন,

First person — যে বা যারা কথা বলছে।
Second person — যাকে বা যাদেরকে উদ্দেশ্য করে কথা বলা হচ্ছে।
Third person — যার বা যাদের কথা বলা হচ্ছে।

এই তিনটি person এর স্থলে যে সকল pronoun ব্যবহার করা হয় তাদের বলা হয় Personal Pronouns. Personal pronouns এর তালিকা নিচের টেবিলে দেখুন।

| | ***Singular*** | ***Plural*** |
|---|---|---|
| First person | I | We |
| Second Person | You | You |
| Third Person | He, She, It | They |

**Personal Pronouns**

খেয়াল করে দেখুন যে second person এ singular ও plural উভয় স্থলে you ব্যবহৃত হয়। Third person এ singular এ তিনটি রূপ আছে। He ব্যবহৃত হয় পুরুষদের জন্য, she ব্যবহৃত হয় মেয়েদের জন্য এবং it ব্যবহৃত হয় মানুষ ছাড়া অন্যান্য প্রাণী ও জড় পদার্থের জন্য। এই তিনটিরই plural হচ্ছে they।

C আমরা আগে দেখেছি যে noun এর বিভিন্ন রূপ আছে। যেমন, man, men, man's, men's। Personal pronoun এরও বিভিন্ন রূপ আছে এবং এদের ব্যবহারও বিভিন্ন। নিচে personal pronoun এর বিভিন্ন রূপ দেওয়া হল। এগুলি মুখস্থ করে ফেলুন।

| | | 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|---|---|
| | | *Subject* | *Object* | *Possessive Determiner* | *Possessive Pronoun* |
| 1st Person | *Sing.* | I | me | my | mine |
| | *Pl.* | We | us | our | ours |
| 2nd Person | *Sing.* and *Pl.* | You | You | Your | Yours |
| 3rd Person | *Sing.* | He<br>She<br>It | him<br>her<br>it | his<br>her<br>its | his<br>hers<br>— |
| | *Pl.* | They | them | their | theirs |

Different Forms of Personal Pronouns

D ইংরেজি sentence এ noun - subject ও object position এ অপরিবর্তিত থাকে। যেমন,

Rahim saw Karim
Subject Object

Subject বা object যে position এ যে noun এ বসুক না কেন তার কোনো পরিবর্তন হয় না। কিন্তু pronoun এর বেলায় এ কথা খাটে না। Subject position এ pronoun এর যে রূপ থাকে object position এ তা পরিবর্তিত হয়। যেমন,

I saw Rahim. (subject)
Rahim saw me. (object)
He called a doctor. (subject)
The teacher called him. (object)

উপরের তালিকার ১নং ও ২নং কলাম দেখলে বুঝতে পারবেন যে কেবলমাত্র you এবং it এই দুইটি Personal Pronoun subject ও object position এ অপরিবর্তিত থাকে। বাকীগুলি object position এ ভিন্ন রূপ ধারণ করে। আরও কিছু নমুনা দেখুন :

We are happy. (subject)
Please give us some water. (object)
She is a nice woman. (subject)
I like her very much. (object)
They are rich. (subject)
I don't like them. (object)

E এবার তালিকার ৩নং ও ৪নং কলাম দেখুন। খেয়াল করে দেখুন যে অধিকাংশ personal pronoun এর দুটি possessive রূপ আছে। ৩নং কলামের রূপটিকে possessive determiner বলা হয়েছে। **Determiner বলতে বোঝায় সেই শব্দকে যা noun এর পূর্বে বসে**। যেহেতু এই position এ সাধারণত adjective বসে তাই কেউ কেউ একে possessive adjective বলেন। তবে আধুনিক গ্রামারে একে possessive determiner বলা হয়। এর কয়েকটি নমুনা দেখুন :

My book is lost.
Our school is closed.
Where is your house?
His shirt is blue.
I like her dress.

লক্ষ করে দেখুন যে উপরের প্রত্যেক possessive determiner এর পরে noun বসেছে।

F ৪নং কলামে যে possessive pronoun দেখানো হয়েছে তার পরে noun বসে না, বরং তারা noun এর স্থলে বসে। যেমন,

This book is mine.
Ours is an agricultural country.
This bag is his and that one is hers.
Theirs is a big house.

উল্লেখ্য যে it এর পরিবর্তে possessive pronoun হয় না, যদিও possessive determiner হয়। আমরা বলতে পারি – This is its tail. কিন্তু আমরা বলতে পারি না – * This tail is its.

Possessive determiner 'its' লিখতে apostrophe (’) বা **ঊর্ধ্বকমা ব্যবহার করবেন না।**

*G* নিচের Sentence গুলির শূন্যস্থানে ব্রাকেটে দেওয়া personal pronoun এর সঠিক রূপটি বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 The man showed him a picture. (he)
2 My brother came to see me. (I), (I)
3 Where is _ _ _ going? (he)
4 _ _ _ don't know where _ _ _ is going. (I), (he)
5 _ _ _ sister is a friend of _ _ _. (he), (I)
6 will _ _ _ give _ _ _ a ring? (you), (I)
7 That big house is _ _ _. (they)
8 _ _ _ is much smaller. (we)
9 _ _ _ dog has lost _ _ _ tail. (we), (it)
10 _ _ _ teacher is very strict. (you)
11 _ _ _ dress is white but _ _ _ is red. (she), (you)
12 _ _ _ pen is better that _ _ _. (I), (you)

## LESSON 2

### Reflexive Pronouns

*A* নিচের Sentence গুলি দেখুন।

The boy hurt himself.
I can look after myself.
Can you do the job by yourself?
We did the job ourselves.

উপরের pronoun গুলির নিচে দাগ দেওয়া হয়েছে তাদের সাথে self বা selves যোগ দেওয়া আছে। এ ধরনের **pronoun কে বলা হয় reflexive pronouns.**

Reflexive pronouns এর পূর্ণ তালিকা নিচে দেখুন। এগুলি মুখস্থ করে ফেলুন।

| | *Singular* | *Plural* |
|---|---|---|
| First Person | myself | ourselves |
| Second Person | yourself | yourselves |
| Third Person | himself<br>herself<br>itself | themselves |

Reflexive Pronouns

খেয়াল করে দেখুন যে এখানে singular এ self এবং plural এ selves যোগ দেওয়া হয়েছে। আমরা জানি যে second person এ personal pronoun singular ও plural এ অভিন্ন – you। কিন্তু reflexive pronoun এর ক্ষেত্রে তারা ভিন্ন – singular হচ্ছে yourself এবং plural হচ্ছে yourselves।

*B* Reflexive pronoun কীভাবে ব্যবহৃত হয় তা দেখুন।

১ যদি subject এবং object একই ব্যক্তি হয় তখন reflexive pronoun ব্যবহার করা হয়। যেমন,

I blamed myself.
The girl washed herself.
He looked at himself in the mirror.

২ Emphasis বা জোর দেওয়ার জন্য reflexive pronoun ব্যবহার করা হয়। যেমন,
She herself cleaned the room.
We repaired the engine ourselves.
They themselves are responsible for the accident.

৩ Reflexive pronoun এর পূর্বে by থাকলে তার অর্থ হয় একাকী বা কারও সাহায্য ছাড়া। যেমন,

The box is too heavy for him to lift by himself.
I prefer working by myself.
Young children should not swim by themselves.

*C* নিচের শূন্যস্থানে reflexive pronoun বসান। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 He was angry at himself.
2 You yourself made the mistake.
3 She is sitting by herself. Let's go and talk to her.
4 We absented _ _ _ _ from the class.
5 Mr Rahman _ _ _ _ came to see me.
6 Mina has a bad habit of talking to _ _ _ _ .
7 Did you enjoy _ _ _ _ in the picnic?
8 Can you do the job by _ _ _ _ or shall I help you?
9 She burnt _ _ _ _ while cooking.
10 The poor girl lives by _ _ _ _ .
11 I was angry at _ _ _ _.
12 She _ _ _ _ found her lost key.

**LESSON 3**

## Relative Pronouns

*A* নিচের Sentence গুলি দেখুন।
The man lives next door.
He is very friendly.
এই দুটি Sentence কে who দ্বারা সংযুক্ত করে আমরা বলতে পারি।
The man **who** lives next door is very friendly.

এখানে who যেহেতু the man এর পরিবর্তে বসেছে এটি একটি pronoun. এ ধরনের **pronoun** কে বলা হয় **relative pronoun** এবং **relative pronoun** টি **Sentence** এর যে অংশে বসেছে তাকে বলা হয় **relative clause**। এই sentence এ The man who lives next door হচ্ছে relative clause.

*B* Relative pronoun যার পরিবর্তে বসেছে তাকে বলে ঐ pronoun এর antecedent। উপরে দেওয়া sentence এ antecedent টি relative clause এর subject. এরকম ক্ষেত্রে কি হয় তা দেখুন। Antecedent টি যদি মানুষ হয় তবে relative pronoun হবে who। যেমন,

The lady **who** was here yesterday has now left for Chittagong.

মানুষের ক্ষেত্রে thatও ব্যবহার করা চলে, বিশেষত কথ্য ভাষায় তবে who ব্যবহার করাই বাঞ্ছনীয়। যেমন,

He is <u>the boy **that** stole my watch</u>.

মানুষ ব্যতীত অন্য প্রাণীর বেলায় 'which' এবং 'that' উভয়ই ব্যবহার করা চলে। যেমন,

Yesterday I ate <u>some fish **which** made me sick</u>.

He has cut <u>the tree **which** stood near the gate</u>.

I have bought <u>a cow **that** gives ten litres of milk a day</u>.

<u>My car **that** broke down yesterday</u> has now been repaired.

খেয়াল করে দেখুন প্রত্যেক ক্ষেত্রেই antecedent গুলি relative clause এর Subject. এটাও খেয়াল করুন যে relative clause এর verb agree করছে antecedent এর সাথে।

*C* যখন relative এর antecedent টি relative clause এর object হয় তখন কি হয় তা দেখুন :

<u>The woman **whom** I saw yesterday</u> is a doctor.

এখানে relative clause হচ্ছে 'The woman whom I saw yesterday' আর woman হচ্ছে saw verb এর object (subject হচ্ছে I)। Traditional grammar এর নিয়ম অনুযায়ী object এর পরিবর্তে relative pronoun 'whom' বসাতে হয়, যা উপরের sentence এ করা হয়েছে। কিন্তু whom এর ব্যবহার এখন বিলুপ্তির পথে, তার পরিবর্তে বর্তমানে 'who' ব্যবহার করা হয়। তাই আমরা বলতে পারি :

<u>The woman **who** I saw yesterday</u> is a doctor.

এমন কি এ ক্ষেত্রে কোনো relative pronoun ব্যবহার না করলেও চলে। আমরা বলতে পারি:

<u>The woman I saw yesterday</u> is a doctor.

উপরের তিনটি sentenceই সঠিক তবে আধুনিক ইংরেজিতে প্রথমটির ব্যবহার উঠে গেছে।

*D* নিম্ন শ্রেণীর প্রাণী এবং জিনিসের বেলায় object position এ which এবং that ব্যবহার করা যায় বা কোন কিছু ব্যবহার না করলেও চলে। যেমন,

<u>The book **which** you gave me</u> is interesting.

<u>The book **that** you gave me</u> is interesting.

<u>The book you gave me</u> is interesting.

উপরের প্রথম sentence এ which, দ্বিতীয় sentence এ that ব্যবহার করা হয়েছে কিন্তু তৃতীয় sentence এ কোন relative pronoun ব্যবহার করা হয়নি। তিনটি sentenceই সঠিক।

*E* নিচের Sentence গুলি দেখুন :

I can't believe <u>what</u> you are saying.

এখানে relative pronoun 'what' ব্যবহার করা হয়েছে, কিন্তু 'what' এর কোনো antecedent উল্লেখ করা হয়নি। 'what' বলতে প্রকৃতপক্ষে বোঝায় something that. উপরের sentence টিকে ভেঙে বলা যায় :

You are saying something. I can't believe it.

আরও কয়েকটি নমুনা দেখুন :

I know <u>what</u> you know.

Tell us <u>what</u> you saw.

<u>What</u> he did was wrong.

মনে রাখবেন 'what' কখনও মানুষের পরিবর্তে বসে না, জিনিসের পরিবর্তে বসে।

**F** সঠিক relative pronoun টি বসান। যে সব স্থলে relative বাদ দেওয়া সম্ভব সেখানে x চিহ্ন দিন, কোনো relative বসাবেন না। কয়েকটি করে দেওয়া হয়েছে।

1 He is the man <u>who (that)</u> broke my calculator.
2 Don't believe <u>what</u> he says.
3 The cake <u> x </u> she baked was very tasty.
4 The girl _ _ _ _ _ works in your office is my sister.
5 I don't agree with _ _ _ _ _ you have just said.
6 The roses _ _ _ bloom in my garden are very beautiful.
7 The roses _ _ _ _ I sent you are from my garden.
8 The teacher liked the essay _ _ _ _ I wrote.
9 Tell me _ _ _ _ _ you want and I'll give it to you.
10 The cow _ _ _ _ I bought yesterday gives five litres of milk a day.
11 I know _ _ _ _ _ you don't know.
12 The doctor _ _ _ _ _ she visited is very famous.

## ANSWER KEY

*Lesson 1*

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **G** | 3 | he | 4 | I, he | 5 | His, mine |
| | 6 | you, me | 7 | theirs | 8 | Ours |
| | 9 | Our, its | 10 | Your | 11 | Her, yours |
| | 12 | My, yours | | | | |

*Lesson 2*

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **C** | 4 | ourselves | 5 | himself | 6 | herself |
| | 7 | yourself অথবা yourselves | | | 8 | yourself |
| | 9 | herself | 10 | herself | 11 | myself |
| | 12 | herself | | | | |

*Lesson 3*

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **F** | 4 | who (that) | 5 | what | 6 | which/that |
| | 7 | x | 8 | x | 9 | what |
| | 10 | x | 11 | what | 12 | x |

( ) = ব্যবহার করা যায় তবে না করাই বাঞ্ছনীয়
/ = যে কোনো একটি ব্যবহার করা যায়